

## শ্রীনগর উপজেলা পরিষদের কৃষি কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি	জনাব ওয়াহিদুর রহমান ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
সভার তারিখ	১৭/০২/২০২২ খ্রি.
সময়	বিকাল ০৩:০০ ঘটিকা
সভার স্থান	উপজেলা ভাইস চেয়ারম্যানের সভাকক্ষ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”

অদ্য ১৭/০২/২০২২ খ্রি. তারিখ বিকাল ০৩:০০ ঘটিকার সময় উপজেলা কৃষি কমিটির সভা উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে পূর্ববর্তী সভার কার্যবিবরণীর বিপক্ষে কোন আপত্তি বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ় করণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

### আলোচ্য সূচীঃ

- ১। বোরো ধানের জমিতে পার্চিং নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা।
- ২। ভূট্টা আবাদ বৃদ্ধিকরণ বিষয়ক আলোচনা।

সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বর্তমান রবি মৌসুমে প্রতিটি ইউনিয়নে বোরো জমিতে পোকা-মাকড়ের হাত থেকে ফসল রক্ষার জন্য পার্চিং কর্মসূচী বাস্তবায়নের জন্য সরকারী রাস্তার পাশের গাছের অপ্রয়োজনীয় ডালপালা কর্তন করে পার্চিং কর্মসূচী হাতে নেয়া হয়েছে। এ বিষয়ে ইউনিয়নের চেয়ারম্যানসহ সকল সদস্যদের অবহিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সদস্য সচিব সভায় ভূট্টা ফসল আবাদে লাভজনক গুরুত্ব তুলে ধরেন। এর ধারাবাহিকতায় প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানসহ সকল সদস্যদের ভূট্টা আবাদ বৃদ্ধিকরণ বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধ করণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

### সিদ্ধান্তঃ

- ১। ইউনিয়নের সকল চেয়ারম্যানসহ সদস্যদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ।
- ২। কৃষকদের উদ্বুদ্ধকরণের ব্যবস্থা করা।

### বাস্তবায়নঃ

উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



(ওয়াহিদুর রহমান)

সভাপতি

উপজেলা কৃষি কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

তারিখ : ১৭/০২/২০২২ খ্রি.

স্মারক নং ১২.১৭.৫৯৮৪.০৩৯.০২.০২১.১৯.১১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা ..... অফিসার, সদস্য, উপজেলা কৃষি কমিটি, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৬। অফিস কপি।



(শান্তনা রাণী)

সদস্য-সচিব

উপজেলা কৃষি কমিটি

ও





উপজেলা কৃষি অফিসার

উপজেলা কৃষি কমিটির সভা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের সভাকক্ষ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

তারিখ : ১৭/১২/২২

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
০১.	ওয়াহিদুর রহমান	ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।	
০২.	মোঃ আমিরুল ফারুক	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক শ্রীনগর, মুন্সীগঞ্জ।	
০৩.	হাজী মোহাম্মদ ফারুক	চেয়ারম্যান বাড়ৈখালী ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।	
০৪.	কাজী মনোয়ার হোসেন শাহাদাৎ	চেয়ারম্যান ভাগ্যকুল ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।	
০৫.	শান্তনা রাণী	উপজেলা কৃষি অফিসার শ্রীনগর, মুন্সীগঞ্জ।	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

সভার নোটিশ

নং-

তাং-

আগামী ১৭/০২/২০২২ খ্রি. তারিখে বিকাল ০৩:০০ ঘটিকার সময় উপজেলা কৃষি কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর এর সভাপতিত্বে তাঁর সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সভায় সংশ্লিষ্ট সদস্যগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

১. বোরো ধানের জমিতে পার্চিং নিশ্চিতকরণ বিষয়ক আলোচনা।
২. ভূট্টা আবাদ বৃদ্ধিকরণ বিষয়ক আলোচনা।
৩. বিবিধ।


স্বাঃ  
শান্তনা রাণী  
সদস্য সচিব  
উপজেলা কৃষি কমিটি  
ও  
উপজেলা কৃষি অফিসার  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্বাক্ষর নং- ১২.১৭.৫৯৮৪.০৩৯.০২.০১০.১৯.১০৮

তারিখ : ১৪/০২/২০২২ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
৪. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
৫. চেয়ারম্যান বাউখালী ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
৬. চেয়ারম্যান ভাগ্যকুল ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

  
14.02.2022  
শান্তনা রাণী  
সদস্য সচিব  
উপজেলা কৃষি কমিটি  
ও  
উপজেলা কৃষি অফিসার  
শ্রীনগর, মুন্সীগঞ্জ।